ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫১২

খোয়াই, ৩ মে, ২০২৫

**রক্তের ঘাটতি পূরণে খোয়াই জেলায় সভা অনুষ্ঠিত**

খোয়াই জেলায় রক্তের ঘাটতি পূরণের জন্য সম্প্রতি জেলা প্রশাসনের কনফারেন্স হলে জেলাশাসক রজত পন্থের সভাপতিত্বে বাৎসরিক স্বেচ্ছা রক্তদান শিবিরের তালিকা তৈরির বিষয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া বিএসি চেয়ারম্যান ভানলাল রাঙ্খল, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা, জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা, খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পদ্মরাম জমাতিয়া, জেলা হাসপাতালের সুপার ডা. শরদিন্দু রিয়াং প্রমুখ।

বৈঠকে জেলাশাসক বলেন, জেলায় রক্তের ঘাটতি পূরণে জেলাশাসক কার্যালয়, মহকুমা শাসক কার্যালয় ও জেলা হাসপাতাল সমূহে স্বেচ্ছায় রক্তদান শিবির করতে হবে। এরজন্য বিভিন্ন সরকারি কার্যালয়, বিএসএফ, টিএসআর ও আরক্ষা কর্মীদের যুক্ত করে প্রতিমাসে কমকরেও ২টি রক্তদান শিবির আয়োজন করতে সকলের প্রতি আহ্বান জানান। বৈঠকে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পদ্মরাম জমাতিয়া জানান, জেলায় প্রতিমাসে গড়ে প্রায় ১৫০ ইউনিট রক্তের প্রয়োজন হয়। ৭০ শতাংশ রক্তের চাহিদা স্বেচ্ছায় রক্তদান শিবিরের মাধ্যমে পূরণ করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন গ্রামোন্নয়ন, পূর্ত, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, বিদ্যুৎ দপ্তরের প্রতিনিধি সহ বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রের এমওআইসিগণ।

*******